ষান্মাসিক সাময়িকী

# কর্মসংস্থান ব্যাংক প্রবাহ

২য় বর্ষ ॥ ১ম সংখ্যা ॥ জুলাই - ডিসেম্বর ২০২৪



০৫ সেপ্টেম্বর ২০২৪:
মাননীয় অর্থ উপদেষ্টা মহোদয়ের সাথে
কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ডের চেয়ারম্যান
ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর
সৌজন্য সাক্ষাৎ ।





১৪ অক্টোবর ২০২৪:
মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগ কর্মসূচির আওতায়
গ্রাহকদের মাঝে ঋণের চেক ও গাছের চারা
বিতরণ করেন ব্যবস্থাপনা পরিচালক
জনাব অরুন কুমার চৌধুরী ।

কর্মসংস্থান ব্যাংক
Karmasangsthan Bank
বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

## সম্পাদকীয়



সচ্ছলতার স্বপ্ন বুননে সতত ব্যস্ত বেকার যুব এবং যুব মহিলাদের কর্মসংস্থান সৃজনে নিরন্তর কাজ করে যাচ্ছে কর্মসংস্থান ব্যাংক। বেকারত্বের অভিশাপ থেকে মুক্তি এবং আর্থিক অন্তর্ভুক্তিকরণের মহান ব্রত নিয়ে দৃপ্ত পায়ে এগিয়ে চলছে ব্যাংক। বেকার যুবদের অর্থায়নের ক্ষেত্রে অন্যান্য অর্থলগ্নিকারী প্রতিষ্ঠানের সুযোগ যেখানে সীমিত সেখানে কর্মসংস্থান ব্যাংকের দ্বার উন্মুক্ত। যা ব্যাংকের প্রাতিষ্ঠানিক ভাবমূর্তিকে উজ্জ্বল হতে উজ্জ্বলতর করেছে।

কর্মসংস্থান ব্যাংক দেশের আর্থিক পরিমণ্ডলে এতদিন নিরবে এবং নিভৃতে কাজ করে এসেছে। বর্তমান ব্যবস্থাপনা কর্তৃপক্ষ দায়িত্ব গ্রহণের পর পরিচিতি এবং প্রচারণামূলক কর্মকাণ্ড অনেক গতিশীলতা লাভ করেছে। যা ব্যাংকের কর্পোরেট ইমেজ বৃদ্ধিতে সহায়ক হবে।

শূন্য বেকারত্ব, শূন্য দারিদ্র্য এবং শূন্য নেট কার্বন নিঃস্বরণ তত্ত্ব বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে কর্মসংস্থান ব্যাংক। তিন শূন্যের এ তত্ত্ব জীববৈচিত্র এবং মানবজাতির সুরক্ষায় অন্যতম রক্ষা কবচ হিসেবে বিবেচিত।

মুনাফা অর্জন নয়, স্বল্প সুদে এবং সহজ শর্তে অর্থায়নের মাধ্যমে কর্মসংস্থান সৃজনে অর্থনৈতিক সহযোগিতা করাই কর্মসংস্থান ব্যাংকের মূল অভিলক্ষ্য। রাষ্ট্রীয় দায়বদ্ধতার অংশ হিসেবে কল্যাণমুখী অর্থনৈতিক কাঠামোর মধ্যে কাজ করে যাচ্ছে কর্মসংস্থান ব্যাংক। যা দেশের বেকারত্ব ও দারিদ্র বিমোচনে অসামান্য অবদান রেখে চলেছে।

(মো: শফিকুল ইসলাম মিঞা)

## কর্মসংস্থান ব্যাংকের ভিশন



দেশের বেকার বিশেষ করে বেকার যুবদের কর্মসংস্থানের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্তকরণ।

## কর্মসংস্থান ব্যাংকের মিশন




- বেকার যুবদের সহজ শর্তে, স্বল্প ও সরল সুদে ঋণ প্রদান;
- আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দেশের আর্থসামাজিক উন্নয়নে অবদান;
- উন্নত গ্রাহক সেবা নিশ্চিতকরণ;
- বেকার যুবদের কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সমাজ বিনির্মাণ।

**উপদেষ্টা পরিষদ**

প্রধান উপদেষ্টা- জনাব অরুন কুমার চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক

উপদেষ্টা মণ্ডলী- ১. জনাব মেহের সুলতানা, উপব্যবস্থাপনা পরিচালক
২. জনাব মাহমুদা ইয়াসমীন, মহাব্যবস্থাপক
৩. জনাব মো: আমিরুল ইসলাম, মহাব্যবস্থাপক

**সম্পাদনা পরিষদ**

প্রধান সম্পাদক- মো: শফিকুল ইসলাম মিঞা, মহাব্যবস্থাপক

সম্পাদক মণ্ডলী- ১. মো: মশিউর রহমান, উপমহাব্যবস্থাপক
২. খালেদ মোহাম্মদ জাহাঙ্গীর, সহকারী মহাব্যবস্থাপক
৩. মো: মনজুর রহমান খান, সহকারী মহাব্যবস্থাপক
৪. মো: শফিউল আলম খান, সহকারী মহাব্যবস্থাপক
৫. মুহাম্মদ সাদেকুর রহমান, সহকারী মহাব্যবস্থাপক
৬. মোহাম্মাদ আরিফুজ্জামান, সিনিয়র প্রিন্সিপাল অফিসার
৭. শেখ রাহাত হাসান, প্রোগ্রামার

# পরিচালনা বোর্ড



**জনাব ড. এ এফ এম মতিউর রহমান**
চেয়ারম্যান, পরিচালনা বোর্ড, কর্মসংস্থান ব্যাংক
ও
সচিব (অব.)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

**চেয়ারম্যান**



**জনাব তালুকদার সালাহউদ্দীন আহমাদ**
পরিচালক, পরিচালনা বোর্ড, কর্মসংস্থান ব্যাংক
ও
বিজনেস এডিটর (নিউজ এন্ড কারেন্ট এ্যাফেয়ারস)
এস এ টিভি।

**পরিচালক**



**জনাব ড. গাজী মো: সাইফুজ্জামান**
পরিচালক, পরিচালনা বোর্ড, কর্মসংস্থান ব্যাংক
ও
মহাপরিচালক (গ্রেড-১)
যুব উন্নয়ন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

**পরিচালক**



**জনাব মো: দাউদ মিয়া**
পরিচালক, পরিচালনা বোর্ড, কর্মসংস্থান ব্যাংক
ও
মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

**পরিচালক**



**জনাব মো: মোস্তফা কামাল মজুমদার**
পরিচালক, পরিচালনা বোর্ড, কর্মসংস্থান ব্যাংক
ও
সাবেক অতিরিক্ত সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

**পরিচালক**



**জনাব মো: হানিফ মিয়া**
পরিচালক, পরিচালনা বোর্ড, কর্মসংস্থান ব্যাংক
ও
নির্বাহী পরিচালক
বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি।

**পরিচালক**



**জনাব অরুন কুমার চৌধুরী**
পরিচালক, পরিচালনা বোর্ড, কর্মসংস্থান ব্যাংক
ও
ব্যবস্থাপনা পরিচালক
কর্মসংস্থান ব্যাংক।

**ব্যবস্থাপনা পরিচালক**



**জনাব মো: ইকবাল হোসেন**
সহকারী মহাব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

**বোর্ড সচিব**



চেয়ারম্যান
পরিচালনা বোর্ড
কর্মসংস্থান ব্যাংক

# বাণী

কর্মসংস্থান ব্যাংকের উদ্যোগে ব্যাংকিং, অর্থনীতি, শিক্ষা, সংস্কৃতি ও সাম্প্রতিক ইস্যুভিত্তিক ষান্মাসিক ভিত্তিতে "কর্মসংস্থান ব্যাংক প্রবাহ" প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষ্যে আমি কর্মসংস্থান ব্যাংকের সকল স্তরের সহকর্মীদের শুভকামনা জানাচ্ছি।

যুবসমাজ যে কোনো দেশের মূল্যবান সম্পদ। জাতীয় উন্নয়ন ও অগ্রগতি যুব সমাজের সক্রিয় অংশগ্রহণের উপর অনেকাংশেই নির্ভরশীল। তাদের মেধা, সৃজনশীলতা, সাহস ও প্রতিভাকে কেন্দ্র করেই গড়ে উঠে একটি জাতির অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক পরিমণ্ডল। যুব সমাজকে দায়িত্ববান, আত্মবিশ্বাসী ও আত্মনির্ভরশীল করে সুসংগঠিত উৎপাদনমুখী শক্তিতে রূপান্তরের লক্ষ্যে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করা অত্যন্ত জরুরি। এ বিষয়টি উপলব্ধি করে বেকার যুবদের কর্মসংস্থানের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত করে দারিদ্র বিমোচন করার লক্ষ্যে কর্মসংস্থান ব্যাংক অগ্রণী ভূমিকা পালন করছে।

কর্মসংস্থান ব্যাংকের চেয়ারম্যান হিসেবে দায়িত্বভার গ্রহণের পর এই স্বল্প সময়ে যে কথাটি আমি অনুধাবন করেছি তা হল "Small is Beauty"। আমার সহকর্মীবৃন্দ প্রান্তিক পর্যায়ে সরাসরি কাজ করার পাশাপাশি সাহিত্য, সংস্কৃতি, ক্রীড়া, শিক্ষা ইত্যাদি ক্ষেত্রে প্রতিভার স্বাক্ষর রাখতে সক্ষম হয়েছে। কর্মসংস্থান ব্যাংক পরিবারের সদস্যদের সৃজনশীল কর্মকাণ্ডে এবং শিক্ষা ক্ষেত্রে দুর্দান্ত অর্জনে আমি বিমোহিত। এ ধারাবাহিকতা আগামীতেও অক্ষুন্ন থাকবে বলে আমি বিশ্বাস করি।

কর্মসংস্থান ব্যাংকের ষান্মাসিক ঘরোয়া সাময়িকী "কর্মসংস্থান ব্যাংক প্রবাহ" প্রকাশের সাথে জড়িত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন। কর্মসংস্থান ব্যাংকের পরিচালনা বোর্ডের দিকনির্দেশনায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নেতৃত্বে এবং সহকর্মীদের আন্তরিক কর্মনিষ্ঠায় এ ব্যাংক দেশের একটি মডেল আর্থিক প্রতিষ্ঠান হিসেবে গড়ে উঠতে সক্ষম হবে বলে আমি আশাবাদী।

(ড. এ এফ এম মতিউর রহমান)



ব্যবস্থাপনা পরিচালক
কর্মসংস্থান ব্যাংক

# বাণী

দেশের বেকার বিশেষ করে বেকার যুবদের কর্মসংস্থানের উদ্দেশ্যে ১৯৯৮ সনের ৭ নং আইনবলে কর্মসংস্থান ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। প্রতিষ্ঠার পর থেকে নানাবিধ সীমাবদ্ধতা সত্ত্বেও ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী দেশের বেকার যুবদের আত্মকর্মসংস্থানে নিজেদের নিয়োজিত রাখার নিরলস প্রচেষ্টা অব্যাহত রেখেছে। সময়ের পরিক্রমায় কর্মসংস্থান ব্যাংক দুই যুগেরও অধিক সময় ধরে গ্রাহক সেবা প্রদান করছে। এ দীর্ঘ পথ চলায় কর্মসংস্থান ব্যাংক বেকার যুবদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে জনগণের সেবা ও সরকার কর্তৃক এ ব্যাংক প্রতিষ্ঠার উদ্দেশ্য বাস্তবায়নে সর্বদা অবিচল থেকেছে।

দেশের নানাবিধ অর্থনৈতিক প্রতিকূলতার/প্রতিবন্ধকতার মধ্যে বেকার সমস্যা অন্যতম। বিবিএস এর পরিসংখ্যান অনুযায়ী, দেশের যুব সমাজের মধ্যে প্রায় ২৫ লক্ষ বেকার রয়েছে। এ বিপুল বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি করা সরকারের একার পক্ষে সম্ভব নয়। সরকারের অন্যতম সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কর্মসংস্থান ব্যাংক বেকারত্ব দূরীকরণ, নারীর ক্ষমতায়ন, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করাসহ দারিদ্র্য বিমোচনের কাজ করছে।

এমন কর্মব্যস্ততার মাঝেও ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের সুপ্ত প্রতিভা বিকাশের প্ল্যাটফর্ম হল 'কর্মসংস্থান ব্যাংক প্রবাহ'। প্রকাশনাটির মাধ্যমে এ ব্যাংকের সর্বস্তরের কর্মীদের সৃজনশীল কর্মকাণ্ডে অংশগ্রহণ নিঃসন্দেহে বৃদ্ধি পাবে। এছাড়াও এর মাধ্যমে ব্যাংকের সার্বিক কার্যক্রমের পাশাপাশি কর্মীদের বহুমুখী প্রতিভা সম্পর্কে অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, স্টেকহোল্ডার এবং অংশীজনের দৃষ্টি আকর্ষণ সম্ভব হবে। সামাজিক, সাংস্কৃতিক, ক্রীড়া ও শিক্ষা ইত্যাদি ক্ষেত্রে কর্মসংস্থান ব্যাংক পরিবারের সদস্যদের সাম্প্রতিক অর্জনের তথ্যাবলী অন্যান্য সহকর্মী এবং তাদের স্বজনদেরও উৎসাহিত করবে। এছাড়া ভবিষ্যতে এ প্রকাশনায় গ্রাহক সেবা সহজীকরণ এবং দ্রুততর করার প্রয়াসে বিভিন্ন উদ্ভাবনী ধারণা প্রকাশ করাও সম্ভব হবে।

আমি ব্যাংকের ষান্মাষিক সাময়িকী 'কর্মসংস্থান ব্যাংক প্রবাহ' এর ২য় বর্ষের ১ম সংখ্যা প্রকাশের এ শুভক্ষণে সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জানাই। একই সঙ্গে এ প্রকাশনার কাজে জড়িত সকলকে আন্তরিক ধন্যবাদ।

পরিশেষে আমি কর্মসংস্থান ব্যাংকের উত্তরোত্তর উন্নতি ও সাফল্য কামনা করছি।

(অরুন কুমার চৌধুরী)

# বিশেষ ঋণ কর্মসূচি “সঞ্চিতা”




শিক্ষিত বেকার নারীদের আর্থিক অন্তর্ভুক্তি এবং অর্থনৈতিক ক্ষমতায়নে ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও আয় উৎসারী কর্মকাণ্ডে অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে “সঞ্চিতা” নামে বিশেষ ঋণ কর্মসূচি চালু করা হয়েছে।

**ঋণপ্রাপ্তির বিশেষ বিবেচ্য বিষয়:**

১. শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি বা সমমান পাশ হতে হবে (এইচএসসি ও তদুর্ধ্ব পাশ নারীদের অগ্রাধিকার প্রদান);

২. ঋণ বিতরণের নির্ধারিত খাত: হস্ত ও কারুশিল্প, বুটিক ও এমব্রয়ডারী, কুটিরশিল্প, নকশীকাঁথা, পোশাক তৈরি ও বিক্রয়, অনলাইন মার্কেটিং, কম্পিউটার সেবা এবং আইটি ম্যানেজমেন্ট, ডিজাইন ও ফ্যাশন ওয়্যার, ফুড প্রসেসিং, নার্সারী, পান উৎপাদন, দোকান ব্যবসা, বিউটি পার্লার ও প্রসাধনী বিক্রয়, ঔষধের দোকান, ফুডকোর্ট, চামড়া শিল্প, জুয়েলারী, বায়োগ্যাস এবং সোলার প্যানেল।

**ঋণসীমা:** সর্বোচ্চ ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা মাত্র (জামানতবিহীন)

**সুদ হার:** ৮% (সরল)

# মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগ ঋণ কর্মসূচি

এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় সরকার প্রদত্ত ‘রিভলভিং ফান্ড’ হতে সারাদেশের উৎপাদন ও সেবা খাতের উদ্যোক্তাসহ ক্লাস্টার, ক্লায়েন্টেল ও অ্যাসোসিয়েশন সদস্য উদ্যোক্তা এবং নারী উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণের লক্ষ্যে কর্মসংস্থান ব্যাংক কর্তৃক “মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগ ঋণ কর্মসূচি” চালু করা হয়েছে।

**ঋণ প্রদানের বিবেচ্য বিষয়:**

**ঋণ প্রদানের বিশেষ অগ্রাধিকার-**

(ক) ঋণ বিতরণের ক্ষেত্রে গ্রামীণ ও প্রান্তিক নারী উদ্যোক্তাদের বিশেষ অগ্রাধিকার প্রদান;
(খ) অগ্রাধিকারভুক্ত এসএমই সাব-সেক্টর, ক্লাস্টারের উদ্যোক্তা এবং ভ্যালু চেইনের আওতাভুক্ত উদ্যোক্তা;
(গ) রপ্তানিযোগ্য পণ্যসহ ‘আমদানি-বিকল্প পণ্যের’ উৎপাদনে নিয়োজিত উদ্যোক্তা;
(ঘ) আইসিটি ও প্রযুক্তিনির্ভর সৃজনশীল ব্যবসায়ে যুক্ত তরুণ/নতুন উদ্যোক্তা যারা এখনো ব্যাংক হতে ঋণ পাননি;
(ঙ) নারী উদ্যোক্তা;
(চ) পশ্চাৎপদ অঞ্চল, উপজাতীয় অঞ্চল, শারীরিকভাবে অক্ষম এবং তৃতীয় লিঙ্গের উদ্যোক্তা।

**ঋণ বিতরণের খাত-** সিএমএসই খাত।

**সুদ হার:** ৬%।

ঋণসীমা: ন্যূনতম ১,০০,০০০ (এক লক্ষ) টাকা হতে সর্বোচ্চ ২৫,০০,০০০ (পঁচিশ লক্ষ) টাকা মাত্র।

# নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য ঋণ কর্মসূচি

বাংলাদেশ ব্যাংক কর্তৃক United Nations Capital Development Fund (UNCDF)-এর Women Empowerment For Inclusive Growth (WING) প্রকল্পের Special Revolving Grant Fund এর আওতায় ১০ সেপ্টেম্বর ২০২৪ তারিখ নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য ঋণ কর্মসূচি চালু করা হয়।

**উদ্দেশ্য:** নারী ও প্রান্তিক জনগোষ্ঠীকে স্বল্প সুদে ঋণ সুবিধা প্রদান;

**ঋণ প্রদানের বিশেষ বিবেচ্য বিষয়:**

১. মানিকগঞ্জ, ঠাকুরগাঁও, যশোর, কক্সবাজার ও কুড়িগ্রাম (Wing Program চলমান) জেলাসমূহের উদ্যোক্তগণকে অগ্রাধিকার প্রদান। তবে যথাযথ নিয়ম মেনে অন্যান্য জেলার উদ্যোক্তাদেরকেও ঋণ বিতরণ।

২. গ্রাহক নির্বাচন এবং ঋণ বিতরণের ক্ষেত্রে সমাজের প্রান্তিক শ্রেণির যুবদের (যেমন: শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ, জাতিগত সংখ্যালঘু ও বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি ইত্যাদি) অগ্রাধিকার প্রদান। যে সকল প্রকল্পের মাধ্যমে অধিক লোকের কর্মসংস্থান হবে সে সকল প্রকল্পসহ ইউনিয়ন বা উপজেলা পর্যায়ের প্রকল্পকে বিশেষ অগ্রাধিকার।

**ঋণসীমা:** সর্বোচ্চ ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা মাত্র (জামানতবিহীন)

**সুদ হার:** ৪% (সরল)



# Green Finance & Sustainable Banking (সবুজ অর্থায়ন)


বর্তমান বিশ্বে জলবায়ু অভিঘাত সবচেয়ে আলোচিত একটি বিষয়। জলবায়ু পরিবর্তনের সকল অনুঘটকই মনুষ্যসৃষ্ট। ক্রমাগত শিল্পায়ন, দ্রুত নগরায়ন, জীবাশ্ম জ্বালানীর অতি মাত্রায় ব্যবহার, বনজ সম্পদের ব্যবহার ইত্যাদি কর্মকাণ্ড থেকে দীর্ঘদিন ধরে উৎসারিত এবং বায়ুমণ্ডলে পুঞ্জিভূত গ্রিন হাউজ গ্যাসের কারণে বৈশ্বিক উষ্ণতা ক্রমাগতভাবে বেড়েই চলেছে। পৃথিবীর বিভিন্ন প্রান্তে অতি বৃষ্টি, অনাবৃষ্টি, ঘূর্ণিঝড় এবং জলোচ্ছ্বাসের মত প্রাকৃতিক বিপর্যয়ের ফলে দ্রুত গলে যাচ্ছে মেরু অঞ্চলের জমাট বাধা বরফ। গোটা বিশ্বের জীববৈচিত্র, কৃষি, পানি সম্পদ এবং মানবজাতি আজ হুমকির সম্মুখীন।


দেশের আর্থ সামাজিক উন্নয়নে আর্থিক সেক্টরের বিশাল ভূমিকা রয়েছে। একই সাথে অর্থনৈতিক ব্যবস্থাকে সচল রাখা এবং প্রাকৃতিক বিপর্যয়ের হাত থেকে সুরক্ষার জন্য গ্রিন ব্যাংকিং এখন সময়ের দাবি। এ বাস্তবতাকে উপলব্ধি করে কর্মসংস্থান ব্যাংক প্রবর্তন করেছে সবুজ অর্থায়ন (Green financing)। এ কর্মসূচির আওতায় ব্যাংক সর্বমোট ৫০টি প্রকল্পে অর্থায়ন করেছে।


# অন্যান্য বিশেষ ঋণ কর্মসূচি


- বিশেষ চাহিদাসম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচি;
- বিধবা/স্বামী পরিত্যক্তা বেকার যুব মহিলাদের জন্য ঋণ কর্মসূচি;
- হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচি;
- খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতে ঋণ বিতরণ কর্মসূচি;
- সাপোর্টিং পোস্ট কোভিড-১৯ স্মল স্কেল এমপ্লয়মেন্ট ক্রিয়েশন প্রজেক্ট (SPCSSECP)
- বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণিসম্পদ ঋণ সহায়তা কর্মসূচি (বিবিমপ্রাস)

# ব্যাংকের বিগত ৫ (পাঁচ) বছরের উল্লেখযোগ্য অর্জন



# ডেঙ্গু ও প্রাসঙ্গিক কথা

বাংলাদেশে প্রতি বছর বিপুল সংখ্যক মানুষ ডেঙ্গু রোগে আক্রান্ত হয়। বিশেষ করে অতিরিক্ত জনসংখ্যার ভারে জর্জরিত ঢাকা শহরে মহামারির মতো ছড়িয়ে পড়েছে এ রোগ। মশারি, মশার কয়েল ব্যবহার, বাড়ির আনাচে-কানাচে পরিচ্ছন্ন রাখার সরকারি ও বেসরকারি নানা রকম বিজ্ঞাপন ও আহ্বান সত্ত্বেও ডেঙ্গু রোগীর সংখ্যা ও মৃত্যু ফি বছর বেড়েই চলছে। এমতাবস্থায়, ডাক্তার হিসেবে কিছু জরুরি পরামর্শ ও ডেঙ্গু পজেটিভ হলে এর চিকিৎসা সম্বন্ধে কিছু বলার জন্যই এ নিবন্ধ।

### ১. ডেঙ্গু কীভাবে হয় বা ছড়ায়?

অল্প স্বচ্ছ পানিতে Aedis Egypti মশা ডিম পাড়ে। এই ডিম ফুটে অনেক মশা উৎপন্ন হয়। এ মশা যদি ডেঙ্গু রোগের ভাইরাস গ্রহণ করে, তাহলে সেটি কামড়ালে ডেঙ্গু হতে পারে। আবার কোন সুস্থ এডিস মশা যদি ডেঙ্গু  আক্রান্ত রোগীর দেহ থেকে রক্ত পান করে তাহলে মশাটির মধ্যে ডেঙ্গু ভাইরাস সংক্রমিত হবে।

### ২. ডেঙ্গু রোগের লক্ষণ:

(ক) High Fever বা অতিরিক্ত জ্বর;
(খ) Myalgia বা মাংসপেশিতে ব্যথা;
(গ) Eye Pain বা চোখের চারপাশে ব্যথা;
(ঘ) বমি-বমি ভাব বা বমি হওয়া;
(ঙ) অতিরিক্ত দুর্বল লাগা;
(চ) Dengue Shock Syndrome বা দাঁত, মুখ বা পায়খানার রাস্তা দিয়ে Bleeding হওয়া বা রোগী অজ্ঞান হয়ে যাওয়া।

### ৩. ডেঙ্গু রোগের চিকিৎসা:

সাধারণ ডেঙ্গু রোগের চিকিৎসা বাসায় করা সম্ভব। জ্বরের জন্য প্যারাসিটামল, কাশির জন্য এন্টিহিস্টামিন, প্রচুর পানি, শরবত, স্যুপ পান ও বিশ্রামেই ডেঙ্গু রোগের উপশম হয়। তবে যদি জ্বর না কমে বা সারা গায়ে লাল নীল ফুসকুড়ি দেখা যায় বা নাক, মুখ বা পায়খানার রাস্তা দিয়ে রক্তপাত হয়, তাহলে অবশ্যই হাসপাতালে যেতে হবে ও ডাক্তারের শরণাপন্ন হতে হবে।

### ৪. পরীক্ষা-নিরীক্ষা:

Dengue NS1 সাধারণত ১-৩ দিনের মধ্যে করতে হয়। ৪-৫ দিন পর করলে এটি (-) Ve আসে। তখন IgM ও IgG Antibody Test করতে হবে। IgG (+) Ve হলে সম্ভবত অতীতে কোন সময় ও IgM (+)Ve হলে সাম্প্রতিক সময়ে ডেঙ্গু ভাইরাসে আক্রান্ত।

### ৫. Dengue Shock Syndrome কী?

Dengue রোগে জ্বর সাধারণত ৪/৫ দিন পর ভালো হয়ে যায়। তবে ৪/৫ দিন পর যদি অতিরিক্ত দুর্বল, নাক মুখ দিয়ে রক্তপাত হয়ে রোগী অজ্ঞান হয়ে যায় তাহলে তাকে Dengue Shock Syndrome বলে। এই রোগীকে হাসপাতালে স্থানান্তর করতে হবে এবং জ্বর সেরে গেলে ও অতিরিক্ত দুর্বল হলে প্রতিদিন platelet count করতে হবে।

### ৬. পরামর্শ:

একটি প্রচলিত জনমত হচ্ছে যে, রাতে মশা কামড়ালে ডেঙ্গু হয় না, দিনে কামড়ালে ডেঙ্গু হয় এবং বর্ষাকালে ডেঙ্গু হয়। কিন্তু এখন দেখা যাচ্ছে, সারা বছর ধরেই ডেঙ্গু জ্বর দেখা যায় এবং ডেঙ্গু মশার ধরন বদলানোর জন্য দিনরাত যে কোনও সময় এডিস মশা কামড়ালে ডেঙ্গু হতে পারে। তাই সতর্কতা হিসেবে রাত দিন সব সময় মশারি ও মশার কয়েল/স্প্রে ব্যবহার, ফুলের টব, এসি নির্মানাধীন বাড়ির বা অন্য কোথাও জমে থাকা পানি পরিষ্কার করে ফেলা, ৩ দিন/ তার বেশিদিন ধরে তাপমাত্রা $100^{o}$ F এর ওপরে থাকা, সাথে গায়ে ব্যথা, বমি বমি ভাব ও দুর্বল বোধ করলে অবিলম্বে ডাক্তারের শরণাপন্ন হতে হবে।

**লেখক- ডাঃ জেসমিন চৌধুরী,** এমবিবিএস (ডিএমসি), ডিএমইউ (এনইউবি), মেডিক্যাল অফিসার/মেডিক্যাল কনসালটেন্ট কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা; কনসালটেন্ট সনোলজিস্ট, জাপান-বাংলাদেশ ফ্রেন্ডশিপ হাসপাতাল।



(ডেঙ্গু রোগীর প্রতীকি ছবি)

# জুলাই-ডিসেম্বর ২০২৪ ষান্মাসিকের উল্লেখযোগ্য কার্যক্রমের কিছু স্থিরচিত্র



১৬ জুলাই ২০২৪ : কর্মসংস্থান ব্যাংক অফিসার্স এসোসিয়েশন কর্তৃক অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের অবসরোত্তর বিদায় সংবর্ধনা।

১২ আগস্ট ২০২৪ : বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে সকল শহীদের আত্মার মাগফেরাত এবং আহতদের দ্রুত আরোগ্য কামনায় দোয়া ও মিলাদ মাহফিল।






২৩ সেপ্টেম্বর ২০২৪ : কর্মসংস্থান ব্যাংক কর্তৃক গৃহীত ১০০ দিনের বিশেষ কর্মসূচির (২৩ সেপ্টেম্বর - ৩১ ডিসেম্বর ২০২৪) শুভ উদ্বোধন।



২৪ সেপ্টেম্বর ২০২৪ : নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর অনুকূলে ঋণ বিতরণ কার্যক্রম প্রচারণার লক্ষ্যে UNCDF এর WING প্রকল্প চলমান জেলা মানিকগঞ্জ এ উঠান বৈঠক।




২৮ সেপ্টেম্বর ২০২৪ : সিএমএসই কর্মসূচিতে গ্রাহক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে রাজশাহী অঞ্চলে Customer Awareness Program।



২৩ অক্টোবর ২০২৪ : ৩৪৪তম বোর্ড সভায় ২০২৩-২০২৪ অর্থবছরের নিরীক্ষিত লাভ-লোকসান হিসাব ও স্থিতিপত্র স্বাক্ষর।



২৭ অক্টোবর ২০২৪ : ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, কিশোরগঞ্জ ও টাঙ্গাইল অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক, শাখা ব্যবস্থাপক ও শাখার ২য় কর্মকর্তাদের সাথে ব্যবসায়িক পর্যালোচনা সভা।

২০ নভেম্বর ২০২৪ : নেদারল্যান্ডস দূতাবাসের হেড অব মিশন জনাব থিজ উডস্ট্রা কর্তৃক কর্মসংস্থান ব্যাংক ঠাকুরগাঁও জেলায় WING প্রোগ্রামের আওতায় স্পেশাল রিভলভিং গ্র্যান্ট ফান্ড সংক্রান্ত কার্যক্রম পরিদর্শন।






২৮ নভেম্বর ২০২৪ : সদ্য যোগদানকৃত ডাটা এন্ট্রি অপারেটরদের বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সের সমাপনী দিনে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে অংশগ্রহণকারীগণ।



০৩ ডিসেম্বর ২০২৪ : বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর ও গোপালগঞ্জ অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক, শাখা ব্যবস্থাপক ও শাখার ২য় কর্মকর্তাদের সাথে ব্যবসায়িক পর্যালোচনা সভা।

০৪ ডিসেম্বর ২০২৪ : প্রবাস ফেরত কর্মীদের সহযোগিতা প্রদানের লক্ষ্যে কর্মসংস্থান ব্যাংক এবং Recovery and Advancement of Informal Sector Employment (RAISE) প্রকল্পের আওতায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক মন্ত্রণালয়-এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর।






১৫ ডিসেম্বর ২০২৪ : এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ও বাংলাদেশ ব্যাংকের যৌথ আয়োজনে SPCSSECP এর আওতায় পঞ্চগড়ে রিজিওনাল অ্যাওয়ারনেস প্রোগ্রাম।

সাফল্য গাঁথা

# স্বপ্ন বুনছেন নারায়ণগঞ্জের বিউটি বেগম

জনাব বিউটি বেগম। বয়স ৩৯ (উনচল্লিশ)। নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ উপজেলার জালকুড়ির বাসিন্দা জনাব নুরুল ইসলামের স্ত্রী। বিয়ের পর আর্থিক টানাপোড়েনের সংসারে যখন জীবন চালাতে হিমশিম খাচ্ছিলেন স্বামী নুরুল ইসলাম, ঠিক তখন সাহায্যের হাত বাড়িয়ে দেন বিউটি বেগম। একজন প্রতিবেশীর নিকট থেকে কর্মসংস্থান ব্যাংকের বিষয়ে জানতে পেরে আশায় বুক বাঁধেন বিউটি। কর্মসংস্থান ব্যাংক নারায়ণগঞ্জ শাখা থেকে ২০১০ সালে মাত্র ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ঋণ গ্রহণ করে একটি দুগ্ধবতী গাভী (বাছুরসহ) ক্রয় করে শুরু করেন 'উদ্যোক্তা' হয়ে উঠার পথচলা। গাভীর দুধ বিক্রি করে লাভের অর্থ থেকে নির্ধারিত মেয়াদ ০২ বছরে মাসিক কিস্তিতে ঋণ পরিশোধ করেন তিনি। ঋণ পরিশোধের পাশাপাশি পরিবারের পুষ্টি চাহিদাও পুরণ করতে পারেন। পরবর্তীতে ২০১২ সালে পুনরায় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ঋণ গ্রহণ করে ০১ টি দুগ্ধবতী এবং ০১টি গর্ভবতী গাভী ক্রয় করেন। এরপর বিউটি বেগমকে আর পেছন ফিরে তাকাতে হয়নি। ২০২৩ সালে ৭ম দফায় তিনি ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা ঋণ গ্রহণ করেন। বর্তমানে তাঁর খামারে ৮টি ফ্রিজিয়ান গাভী, ২টি ষাঁড় এবং ৮টি বাছুর রয়েছে যার বর্তমান বাজার মূল্য প্রায় ৩২ লক্ষ টাকা। বর্তমানে তাঁর খামারে মোট ০৬ জনের কর্মসংস্থান হয়েছে।

কর্মসংস্থান ব্যাংকের সাথে পথচলা এবং উদ্যোক্তা হয়ে উঠার ১৫ বছরের এ পথ পরিক্রমায় তিনি কর্মসংস্থান ব্যাংক থেকে ০৭ দফায় সর্বমোট ২৪ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন। নিয়মিত ঋণ পরিশোধ করে তিনি ব্যাংকের একজন উত্তম ঋণগ্রহীতা হিসেবে স্বীকৃত। খামার পরিচালনা করে এলাকাবাসীর পুষ্টি চাহিদা পুরণ করার পাশাপাশি দুধবিক্রয় থেকে লাভ এবং সময়ে সময়ে ষাঁড় বিক্রিয়লব্ধ অর্থ দিয়ে তৈরী করেছেন খামারের জন্য আধুনিক সেড এবং বাস করার জন্য পাকাবাড়ি।

বিউটির কর্মস্পৃহা সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, আর্থিক টানাপোড়েনের সংসারে সন্তানদের উজ্জ্বল ভবিষ্যতের চিন্তা থেকেই মূলত তাঁর উদ্যোক্তা হয়ে উঠা। তাঁর সন্তানদের সুশিক্ষায় শিক্ষিত করার চিন্তা তাঁকে পরিশ্রমী এবং উদ্যমী করে তুলেছে। স্কুলের পাঠ শেষে বিবাহযোগ্যা দুই মেয়েকে তিনি ভাল ঘর দেখে বিবাহ দিয়েছেন। একমাত্র ছেলে ইংরেজি বিষয়ে স্নাতক ৩য় বর্ষে অধ্যয়নরত। লেখাপড়ার পাশাপাশি মায়ের দুগ্ধখামার পরিচালনায় সাহায্য করছেন তিনি।

সফল উদ্যোক্তা বিউটি বেগম ভবিষ্যতের স্বপ্ন বুনছেন। তিনি ১০০ গাভীর আধুনিক বিজ্ঞান সম্মত বৃহদাকারের একটি দুগ্ধ খামার প্রতিষ্ঠার পরিকল্পনা করছেন।



# আমরা যাদের হারিয়েছি

কর্মসংস্থান ব্যাংক মে ২০১৯ থেকে যে সকল কর্মকর্তা-কর্মচারীকে হারিয়েছে তাঁদেরকে আমরা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি এবং তাঁদের বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনাসহ শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি:

| ক্রমিক নং | নাম, পদবী ও ঠিকানা | মৃত্যুর তারিখ |
|---|---|---|
| ০১ | মরহুম মো: ছাদেকুর রহমান (প্রিন্সিপাল অফিসার, সাভত সূচক নং-০৩৭৮)<br>ঠিকানা: বাসা নং- রংধনু-৪৮, সড়ক-০২, লাকড়ীপাড়া, শিবগঞ্জ, সিলেট-৩১০০ । | ১২.১২.২০২০ |
| ০২ | মরহুম মো: আবুল বাসার (সিনিয়র প্রিন্সিপাল অফিসার, সাভত সূচক নং-০৪০৭)<br>ঠিকানা: পুরান বাউশিয়া, ডাকঘর: বাউশিয়া, উপজেলা: গজারিয়া, জেলা: মুন্সীগঞ্জ । | ২০.১২.২০২০ |
| ০৩ | মরহুম মো: আলী করিম (মহাব্যবস্থাপক, অবসর প্রাপ্ত, সাভত সূচক নং-০০০৮)<br>ঠিকানা: ৪৭০/২ ইব্রাহিমপুর, ডাকঘর: বর্ণমালা সড়ক, ঢাকা ক্যান্টনমেন্ট, কাফরুল, ঢাকা-১২০৬ । | ২১.০৯.২০২০ |
| ০৪ | মরহুম মো: সালাহ উদ্দিন (সহকারী মহাব্যবস্থাপক, সাভত সূচক নং-০০৩৩)<br>ঠিকানা: ধোপাখোলা, ডাকঘর: জামিরহাট, উপজেলা: ফুলতলা, জেলা: খুলনা । | ১০.০৩.২০২১ |
| ০৫ | মরহুম দেলোয়ার হোসেন (অফিসার, সাভত সূচক নং-০৬৬৯)<br>ঠিকানা: রানীসার, ডাকঘর: নাগেরপাড়া, উপজেলা: গোসাইরহাট, জেলা: শরীয়তপুর । | ১৩.০২.২০২১ |
| ০৬ | মরহুম মো: মোশারফ হোসেন (নিরাপত্তা প্রহরী, সাভত সূচক নং-১২৬০)<br>ঠিকানা: মাদবরের চর, ডাকঘর: পাঁচ্চর, উপজেলা: শিবচর, জেলা: মাদারীপুর । | ৩০.০৯.২০২১ |
| ০৭ | মরহুম মো: জাকির হোসেন (নিরাপত্তা প্রহরী, সাভত সূচক নং-১৩২১)<br>ঠিকানা: মুর্শিদহাট, ডাকঘর: মেলাগাছি (মিশ্রিগোলা), ডাকঘর: সেতাবগহ্জ, উপজেলা: বোচাগঞ্জ, জেলা: দিনাজপুর । | ০৯.১২.২০২১ |
| ০৮ | মরহুম মো: কাইয়ুম খান (অফিস সহায়ক, সাভত সূচক নং-০১৭৮)<br>ঠিকানা: খানপুর, মনির উদ্দিন ভূঁইয়া বাড়ী, ডাকঘর: সেনবাগ, উপজেলা: সেনবাগ, জেলা: নোয়াখালী । | ২৩.১২.২০২১ |
| ০৯ | মরহুম আলী আকবর শিকদার (অফিস সহায়ক, সাভত সূচক নং-১০১৯)<br>ঠিকানা: দূর্গাপুরপূর্ব, ডাকঘর: তেলঝুড়ী, উপজেলা: বোয়ালমারী, জেলা: ফরিদপুর । | ০৩.০২.২০২১ |
| ১০ | মরহুমা মোছা: বকুল নাহার পারভীন (সিনিয়র অফিসার, সাভত সূচক নং-০৬০৯)<br>ঠিকানা: কুমড়িয়া, ডাকঘর: রানীরবন্দর, থানা: খানসামা, জেলা: দিনাজপুর । | ১৯.০৩.২০২২ |
| ১১ | মরহুম কাজী মো: নেয়ামত উল্লাহ (উপব্যবস্থাপনা পরিচালক, অবসরপ্রাপ্ত, সাভত সূচক নং- ০০২৪)<br>ঠিকানা: বাসা নং- ১/এ, ২/২৪, মিরপুর-০১, ঢাকা-১২১৬ । | ১৪.০৭.২০২২ |
| ১২ | মরহুম মো: লোকমান হোসেন (সহকারী মহাব্যবস্থাপক, সাভত সূচক নং-০২২৮)<br>ঠিকানা: উজানগ্রাম বাজার, ডাকঘর: কুষ্টিয়া সদর, জেলা: কুষ্টিয়া । | ০১.১০.২০২২ |
| ১৩ | মরহুম মাহবুবুর রহমান (সহকারী অফিসার-ক্যাশ, সাভত সূচক নং-১২৩৪)<br>ঠিকানা: বাবুটিপাড়া, ডাকঘর: ইলিয়টগঞ্জ, উপজেলা: মুরাদ নগর, জেলা: কুমিল্লা । | ২৬.০১.২০২৪ |
| ১৪ | মরহুম শেখ মো: আবদুল হেকিম (ড্রাইভার, সাভত সূচক নং-০১৬৫)<br>ঠিকানা: ছোটগাড়া, ডাকঘর: কুমড়ী, উপজেলা: নেত্রকোণা, জেলা: নেত্রকোণা । | ০২.০১.২০২৪ |
| ১৫ | মরহুম আবদুল জলিল (নিরাপত্তা প্রহরী, সাভত সূচক নং-০১৮৪)<br>ঠিকানা: চর বাচামারা, ওয়ার্ড নং- ০৬ ডাকঘর: বাবলাতলা, উপজেলা: শিবচর, জেলা: মাদারীপুর । | ১৩.০২.২০২৪ |
| ১৬ | মরহুম এস. এম. শফিউল আজম (অফিসার, সাভত সূচক নং-০৩২৮)<br>ঠিকানা: বিডিআর রোড, খোদ্দ সাপটান সদর, ডাকঘর + উপজেলা + জেলা: লালমনির হাট । | ০৪.০৩.২০২৪ |

# অবসরের খবর

গত ০১.০৭.২০২৪ থেকে ৩১.১২.২০২৪ তারিখ পর্যন্ত নিম্নবর্ণিত কর্মকর্তা-কর্মচারীগণ অবসর গমন করেছেন:

| ক্রমিক নং | নাম ও পদবী | ঠিকানা | পিআরএল এর তারিখ |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: জাহিদুল হক খান<br>উপমহাব্যবস্থাপক<br>সাভত সূচক নং- ০০০২ | গোড়াচাঁদ দাস রোড, ডাকঘর: বরিশাল, থানা: বরিশাল সদর, জেলা: বরিশাল। | ১৬.০৭.২০২৪ |
| ০২ | জনাব দুলাল চন্দ্র সাহা<br>উপমহাব্যবস্থাপক<br>সাভত সূচক নং- ০০০৪ | ৫৮৯/১ বসুন্ধরা রোড, চাঁদকাঠি, ডাকঘর: ঝালকাঠি সদর, উপজেলা+জেলা: ঝালকাঠি। | ০৮.১১.২০২৪ |
| ০৩ | জনাব আবুল কালাম আজাদ<br>সহকারী মহাব্যবস্থাপক<br>সাভত সূচক নং- ০১০৮ | গ্রাম: নয়ানপুর, ডাকঘর: প্রতাপপুর, থানা: দাগনভূঁইয়া, জেলা: ফেনী। | ০১.১১.২০২৪ |
| ০৪ | জনাব মো: বাবর আলী<br>মহাব্যবস্থাপক (রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক)<br>সাভত সূচক নং- ০২৫৮ | গ্রাম: লাঙ্গল মোড়া, ডাকঘর: ছাইকোলা, উপজেলা: চাটমোহর, জেলা: পাবনা। | ২৯.১২.২০২৪ |

# পদোন্নতির খবর:

২০২৪-২০২৫ অর্থবছরের প্রথম ষান্মাসিকে কর্মসংস্থান ব্যাংক বিভিন্ন স্তরের ৬৭ জন কর্মকর্তা-কর্মচারীকে পদোন্নতি প্রদান করেছে:

| ক্রমিক নং | পদোন্নতিপূর্ব পদ | পদোন্নতিপ্রাপ্ত পদ | সংখ্যা/জন |
|---|---|---|---|
| ০১ | সহকারী মহাব্যবস্থাপক | উপ-মহাব্যবস্থাপক | ০৪ |
| ০২ | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | সহকারী মহাব্যবস্থাপক | ০৭ |
| ০৩ | প্রিন্সিপাল অফিসার | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | ১০ |
| ০৪ | প্রোগ্রামার | সিস্টেম এ্যানালিস্ট | ০১ |
| ০৫ | সিনিয়র অফিসার | প্রিন্সিপাল অফিসার | ১৪ |
| ০৬ | সহকারী প্রোগ্রামার | প্রোগ্রামার | ০১ |
| ০৭ | অফিসার | সিনিয়র অফিসার | ১৩ |
| ০৮ | সহকারী অফিসার | অফিসার | ১৬ |
| ০৯ | ডাটা এন্ট্রি অপারেটর | সহকারী অফিসার | - |
| ১০ | ফটোকপি অপারেটর | ডাটা এন্ট্রি অপারেটর | ০১ |
| | সর্বমোট | | ৬৭ |

# নতুন নিয়োগ ও যোগদানের খবর

গত ০১.০৭.২০২৪ তারিখ থেকে ৩১.১২.২০২৪ তারিখ পর্যন্ত ব্যাংকে সিনিয়র অফিসার পদে ১ জন, অফিসার পদে ৩ জন, সহকারী অফিসার (ক্যাশ) পদে ১ জন এবং ডাটা এন্ট্রি অপারেটর পদে ১৮ জনসহ সর্বমোট ২৩ জন কর্মকর্তা-কর্মচারী যোগদান করেছেন।

প্রকাশনায়: সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ১ রাজউক এভিনিউ, ঢাকা ১০০০।
ফোন: ৮৮-০২-৪১০৫০৫৮১ হটলাইন: ১৬৮১২, ইমেইল: seba@kb.gov.bd, ওয়েবসাইট: www.kb.gov.bd
কম্পোজ ও ডিজাইন: অলিম্পিক প্রোডাক্টস প্রিন্টিং এন্ড প্যাকেজিং, ১৬৫ আরামবাগ, মতিঝিল বা/এ, ঢাকা, ইমেইল: olympicproduct@gmail.com